দৈনিক বাংলা

তারিখ [illegible].FEB 1987
পৃষ্ঠা ... 6 কলাম ... 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ... ডকুমেন্টেশন কেন্দ্র

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### শিক্ষা মন্ত্রণালয়

নং এস-১২/১-৭/৮৭/১২১(১০০)-ইডিএন

তারিখ : ১৬-২-১৯৮৭ ইং
৪-১১-১৩৯৩ বাংলা

## বিষয় : আণ্ডার গ্রাজুয়েট পর্যায়ে ১৯৮৭-৮৮ সালের জন্য ইউএসএসআর-এর বৃত্তি

নিম্নবর্ণিত বিষয়ে আন্ডারগ্রাজুয়েট পর্যায়ে ১৯৮৭-৮৮ সালে ইউএসএসআর বৃত্তির জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| বিষয় | নিম্নতম যোগ্যতা |
|---|---|
| মেডিক্যাল | গড়ে ৭৫% নম্বরসহ এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ |
| ফার্মেসী | |
| সিভিল ইঞ্জিনীয়ারিং | |
| হাইড্রলিক ইঞ্জিনীয়ারিং | |
| মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং | |
| ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং | |
| ইলেকট্রোনিক্স | |
| কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং | |
| আর্কিটেকচার | |
| হাইওয়ে ইঞ্জিনীয়ারিং | গড়ে ৭০% নম্বরসহ এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ |
| এগ্রিকালচারাল ইঞ্জিনীয়ারিং | |
| লেদার টেকনোলজী | |
| মেটালার্জী ইঞ্জিনীয়ারিং | |
| নেভিগেশন ইঞ্জিনীয়ারিং | |
| মাইনিং ইঞ্জিনীয়ারিং | |
| টেক্সটাইল টেকনোলজী | |

২। অন্যান্য যাবতীয় খরচ সোভিয়েট রাশিয়ান সরকার কর্তৃক বহন করা হবে কিন্তু বাংলাদেশ থেকে সোভিয়েট রাশিয়া পর্যন্ত যাওয়ার বিমান ভাড়া চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিজেদেরকে বহন করতে হবে। সোভিয়েট রাশিয়াতে সফলতার সঙ্গে শিক্ষা সমাপনান্তে সোভিয়েট রাশিয়া থেকে বাংলাদেশে চলে আসার বিমান ভাড়া সোভিয়েট কর্তৃপক্ষ কর্তৃক বহন করা হবে। আবেদনকারীর আইনানুগ অভিভাবকের কাছ থেকে এ মর্মে একটি অঙ্গীকারপত্র গ্রহণ করতে হবে যে তিনি/তিনি (স্ত্রী) অথবা তার/তার (স্ত্রী) অভিভাবক পরবর্তী বিমান ভ্রমণের খরচ বহন করবেন এবং উহা দরখাস্তের সাথে সন্নিবেশিত করে দিতে হবে।

৩। ১-১-১৯৮৭ তারিখে প্রার্থীর বয়স অবশ্যই ২৫ বছরের মধ্যে হতে হবে।

৪। যেসব ব্যক্তি ইতিমধ্যে অপর কোন বৃত্তির জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন তারা আবেদন করার যোগ্য নহেন।

৫। একজন প্রার্থীর একাধিক বিষয়ের জন্য আবেদন করা উচিত হবে না।

৬। সম্প্রতি তোলা সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিম্নোক্ত বিবরণ উল্লেখপূর্বক সাদা কাগজে দুই কপি দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট সর্বশেষ ১০-৩-৮৭ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। প্রার্থিগণ তাদের দরখাস্ত অভ্যর্থনা কক্ষ, ২য় গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় রক্ষিত কাঠের বাক্সেও দাখিল করতে পারেন। অসম্পূর্ণ ও সর্বশেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত আপনা আপনিই বাতিল হয়ে গেছে বলে গণ্য করা হবে।

৭। উদ্দেশ্যমূলকভাবে মিথ্যা বিবরণ/তথ্য দাখিলকারী প্রার্থীদেরকে ফৌজদারী বিধির ব্যবস্থা অনুসারে অভিযুক্ত করা হবে।

### আন্ডার গ্রাজুয়েট পর্যায়ে ইউএসএসআর বৃত্তি ১৯৮৭-৮৮-এর জন্য দরখাস্তের ফরম :

১। নাম (বড় অক্ষরে) :
২। পিতা/স্বামীর নাম :
৩। (ক) জন্ম তারিখ :
(খ) ১-১-৮৭ তারিখে সঠিক বয়স :
৪। টেলিগ্রাম অফিস এবং টেলিফোন নম্বরসহ (যদি থাকে) ডাক ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :
৬। শিক্ষাগত যোগ্যতা :

| বোর্ড ও শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ পাস করা পরীক্ষা | পাস করার সাল | বিভাগ/শ্রেণী | রোল নং | রেজিস্ট্রেশন নম্বর | গড়ে শতকরা প্রাপ্ত মোট নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৭। যে শিক্ষা বিষয়ের জন্য আবেদন করছেন :
৮। আবেদনকারীর স্বাক্ষর।

স্বাঃ—টি সি চাকমা
সিনিয়র সহকারী সচিব।

ডিএফপি(স) ৪৬৬৮(২)১৭-২
জি—৬৬৮